

শিক্ষক হওয়ার জন্য প্রশিক্ষণের আবকা নেই : ইউজিসি চেয়ারম্যান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, যে কোনো প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রশিক্ষণ, খুবই জরুরি এবং উচ্চমানের একজন শিক্ষক হওয়ার জন্য বুনিয়েদি ও গুণগত মানসম্পন্ন প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। এমনকি নিজেকে সুনামের সঙ্গে হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য যে কোনো ধরনের পেশাদারী প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

গতকাল ইউজিসি মিলনায়তনে অনুষ্ঠিত ফাউন্ডেশন ট্রেনিং ফর ইউনিভার্সিটি টিচার্স শীর্ষক আলোচনা সভা ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গ্র্যাজুয়েট ট্রেনিং ইন্সটিটিউট পরিচালিত তৃতীয় ব্যাচের সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে শিক্ষকদের উপযুক্ত বেতন-ভাতা বৃদ্ধি করতে হবে এবং পাশাপাশি তাদের পেশাগত দায়িত্বে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান (শিক্ষা) মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব আশরাফুল মকবুল।

অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালকের দায়িত্ব

পালন করেন কমিশনের সদস্য প্রফেসর এ এইচ এম জেহাদুল করিম। সভাপতির বক্তব্যে প্রফেসর করিম বলেন, সুপারিক শিক্ষাক্রম, যোগ্য শিক্ষক ও শিক্ষার পরিবেশের ওপর শিক্ষার গুণগত নির্ভরশীল।

সভায় উপস্থিত ছিলেন কমিশনের সচিব প্রফেসর ড. এহসানুল হক, প্রফেসর ড. আবদুল হাকিম, প্রফেসর ড. মোঃ ত ইসলাম এবং প্রফেসর ড. আমেনা বে এছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ উপাচার্য, ডিন, বিশিষ্ট শিক্ষাবিদ কমিশনের সচিব ড. মোঃ লুৎফে ও বিভাগীয় প্রধানরা ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত